



রপ্তানি উন্নয়ন ব্যুরো  
মেলা ও প্রদর্শনী বিভাগ  
১, কাওরান বাজার, ঢাকা  
www.epb.gov.bd



অবিলম্বে  
সীমিত

স্মারক নম্বর: ২৬.০২.০০০০.০৩১.৫৮.৫০২.২০.৭

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৭

১২ অক্টোবর ২০২০

বিষয়: ২০২১-২০২২ অর্থ বছরের মেলা তালিকা প্রণয়নের প্রস্তাব প্রেরণ।

আপনি অবগত আছেন যে, রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রতি বছর বিদেশে বাংলাদেশী পণ্যের বাজার সৃষ্টি ও সম্প্রসারণের উদ্দেশ্যে বিভিন্ন আন্তর্জাতিক/একক বাণিজ্য মেলায় অংশগ্রহণ করে আসছে। এ ধারাবাহিকতায় রপ্তানি উন্নয়ন ব্যুরো আগামী ২০২১-২০২২ অর্থ বছরে (জুলাই-২০২১ হতে জুন-২০২২ পর্যন্ত) বিভিন্ন দেশে অনুষ্ঠিতব্য গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ ও একক প্রদর্শনী আয়োজন করার নিমিত্ত একটি “মেলা তালিকা” প্রণয়নের উদ্যোগ নিয়েছে। বাংলাদেশী রপ্তানি পণ্যের বাজার সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণকল্পে আপনার বস্তুনিষ্ঠ অভিমত একটি অর্থবহ মেলা তালিকা প্রণয়নে বিশেষভাবে সহায়ক হবে মর্মে ব্যুরো মনে করে। উল্লেখ্য যে, মেলা তালিকাভুক্ত একটি আন্তর্জাতিক মেলায় কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোকে মেলাটি শুরুর কমপক্ষে ৩ মাস আগে প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করতে হয়।

০২। এমতাবস্থায়, ব্যুরো কর্তৃক আগামী ২০২১-২০২২ অর্থ বছরে “মেলা তালিকা” প্রণয়নের লক্ষ্যে নিম্নোক্ত ছকে একটি প্রস্তাবনা আগামী ৩০ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে অত্র ব্যুরোতে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ’ল। মেলা বাছাইয়ের ক্ষেত্রে সংযুক্ত Model Template Guideline হিসেবে ব্যবহার করলে অংশগ্রহণযোগ্য মেলা নির্বাচন সহজ হতে পারে(সংযুক্ত)।

**Format For Fair Proposal ( 2020-2021):**

SlNo	Name and Subtitle of event	City and Country	Duration	Products and Services Exhibited	Name of the Organizer	Visitors Profile of last years event (Quantity, Profile, origin, trends, purposes, activity of 3 business occupation, importance of visiting companies/exporters/business entities, targets, buying authority, trends, etc.)	Exhibitors Profile of last years event (Quantity, Profile, origin, trends, purposes, activity of 3 business occupation, importance of exhibitors, targets, buying authority, trends, etc.)	Type of fair (Sourcing/Consumer)	Theme and concurrent events	Organizer Profile	Costs of space, Shell scheme stands and services	Prospect for Bangladeshi exhibitors (Short Description)
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13

সংযুক্তিঃ TOTAL SCAN FOR EXHIBITION SELECTION  
MODEL TEMPLATE (2 Pages)



১৪-১০-২০২০

আবু মোখলেছ আলমগীর হোসেন

উপ-পরিচালক

ফোন: +৮৮-০২-৫৫০১৩৯৪২

ফ্যাক্স: ০২-৯১১৯৫৩১

ইমেইল: dir-fair@epb.gov.bd & amahepb75@gmail.com

বিভিন্ন চেম্বার/স্টেকহোল্ডার

স্মারক নম্বর: ২৬.০২.০০০০.০৩১.৫৮.৫০২.২০.৭/১(১০)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৭

১২ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, নীতি বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ২) পরিচালক, মেলা ও প্রদর্শনী বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৩) পরিচালক, তথ্য বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৪) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পণ্য বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৫) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বস্ত্র সেল, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। (পত্রটি ব্যুরোর ওয়েব সাইটে সংযোজন করার জন্য অনুরোধ জানানো হলো)।
- ৭) এপিআরও (সমন্বয়কারী কর্মকর্তা), ভাইস-চেয়ারম্যান এর দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) সীটলিপিকার, মহা-পরিচালক-১ এর দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা(মহা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯) সীটলিপিকার, মহা-পরিচালক-২ এর দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা(মহা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০) সীট মুদ্রাঙ্কনিক কাম কম্পিউটার অপারেটর, সচিব এর দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১৪-১০-২০২০

আবু মোখলেছ আলমগীর হোসেন  
উপ-পরিচালক